SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## শক্তি ফাউন্ডেশনের ৩৪তম বর্ষপূর্তি উদযাপন





গত ১লা এপ্রিল শক্তি ফাউন্ডেশনের ৩৪তম বর্ষপূর্তি প্রধান কার্যালয়সহ সারা দেশের সকল শাখা অফিসে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে উদযাপিত হয়। দিনব্যাপী এই আয়োজনে কেক কাটা, আলোচনা সভা ও বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে কর্মীরা প্রতিষ্ঠানের গৌরবময় পথচলাকে উদযাপন করেন। এই উপলক্ষে প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি হেড অফিসের সকল কর্মীদের নিয়ে শক্তি ফাউন্ডেশনের উন্নতি কামনা করে দোয়া করেন এরপর কেক কেটে সবাইকে উৎসাহ প্রদান করেন । তাঁর উপস্থিতি পুরো আয়োজনকে আরও প্রাণবন্ত ও অনুপ্রেরণামূলক করে তোলে। শক্তি ফাউন্ডেশনের ৩৪ বছরের এই গৌরবময় অগ্রযাত্রা দেশের প্রান্তিক মানুষের উন্নয়নে প্রতিষ্ঠানের অঙ্গীকারকে আরও দৃঢ়ভাবে তুলে ধরে। একইসঙ্গে এ আয়োজন কর্মীদের মধ্যে সৌহার্দ্য, ঐক্য ও কর্মস্পৃহা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হয়।

## উৎসবমুখর আয়োজনে শক্তি ফাউন্ডেশনের “আনন্দ ভ্রমণ ২০২৬” উদযাপন









গত ৩ এপ্রিল শক্তি ফাউন্ডেশনের ২৮টি রিজিয়নের (সারাদেশব্যাপী) সকল শাখা অফিস এবং প্রধান কার্যালয়ের কর্মী ও তাদের পরিবারের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অত্যন্ত আনন্দ, উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে সারাদিনব্যাপী “আনন্দ ভ্রমণ ২০২৬” অনুষ্ঠিত হয়। মাঠ পর্যায়ের কর্মী থেকে শুরু করে প্রধান কার্যালয়ের সকল কর্মীর প্রাণবন্ত উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণে দিনটি হয়ে ওঠে উৎসবমুখর, প্রাণচঞ্চল এবং স্মরণীয়। আনন্দ ভ্রমণের বিশেষ আকর্ষণ হিসেবে কর্মীদের পরিবেশনায় ছিল গান, কৌতুক, আবৃত্তি, নৃত্য এবং নানা সাংস্কৃতিক আয়োজন, যা পুরো অনুষ্ঠানকে দিয়েছে এক ভিন্নমাত্রা। পাশাপাশি বিভিন্ন বিনোদনমূলক খেলাধুলা ও অংশগ্রহণমূলক কার্যক্রমের মধ্যে দিয়ে উঠে সকলের মাঝে নানা ধরণের সুপ্ত প্রতিভা। দিনব্যাপী এই আনন্দ আয়োজন শুধু বিনোদনের মধ্যেই সীমাবদ্ধ ছিল না; বরং এটি শক্তি পরিবারের সকল সদস্যের মাঝে পারস্পরিক সৌহার্দ্য, সম্প্রীতি, সহযোগিতা ও বন্ধনের সম্পর্ককে আরও সুদৃঢ় করেছে। একে অপরের প্রতি আন্তরিকতা ও টিম স্পিরিট বৃদ্ধির মাধ্যমে এই আয়োজন শক্তি ফাউন্ডেশনকে আরও ঐক্যবদ্ধ ও গতিশীলভাবে সামনে এগিয়ে যেতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। “আনন্দ ভ্রমণ ২০২৬”-এর সকল ছবি ও ভিডিও দেখতে ইমেইলে দেওয়া লিংকে ক্লিক করুন।

## সবুজ আগামীর জন্য- তরুণ পরিবেশ রক্ষকদের সাথে শক্তি




গত ৯ এপ্রিল রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত গ্রিন এনার্জি অলিম্পিয়াড ২০২৬-এর গ্র্যান্ড ফিনালেতে শীর্ষ ৩ বিজয়ীদের হাতে পুরস্কারের চেক তুলে দেন শক্তি ফাউন্ডেশনের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর ইমরান আহমদ। শক্তি ফাউন্ডেশন এই অনুষ্ঠানের অংশ হতে পেরে গর্বিত। এই অনুপ্রেরণামূলক প্রতিযোগিতাটি আয়োজন করেছে আমাদের অংশীদার কোস্টাল লাইভলিহুড অ্যান্ড এনভায়রনমেন্টাল অ্যাকশন নেটওয়ার্ক (CLEAN), যাদের অক্লান্ত পরিশ্রম ও জলবায়ু সচেতনতা আমাদের পথ দেখিয়ে চলেছে। বিজয়ী ও সকল অংশগ্রহণকারীদের জানাই আন্তরিক অভিনন্দন তোমরাই আগামীর সবুজ শক্তি।



## পরিবেশবান্ধব স্যানিটারি ন্যাপকিন ব্যবহারে শক্তি ফাউন্ডেশনের নতুন উদ্যোগ




কুমিল্লার তিতাস উপজেলায় পরিবেশবান্ধব মাসিক ব্যবস্থাপনা চর্চা প্রসারের লক্ষ্যে একটি পাইলট প্রকল্প চালু করতে “হাসিমুখ সমাজ কল্যাণ সংস্থার” সঙ্গে অংশীদারিত্ব করেছে শক্তি ফাউন্ডেশন। এই উদ্যোগের আওতায় ৩০০ জন কিশোরী ও তরুণীকে পুনঃব্যবহারযোগ্য, হাতে তৈরি এবং রাসায়নিকমুক্ত স্যানিটারি ন্যাপকিন সরবরাহ করা হবে, যা পরিবেশ দূষণে অবদান রাখবে। এই স্যানিটারি ন্যাপকিন একবার ব্যবহারযোগ্য পণ্যের ওপর নির্ভরতা কমাতে সহায়ক ভূমিকা রাখবে। পাশাপাশি সচেতনতামূলক সেশন পরিচালনার মাধ্যমে নিরাপদ মাসিক স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি চর্চা সম্পর্কে ধারণা প্রদান করা হয়। স্বাস্থ্য শিক্ষা ও টেকসই সমাধানকে একত্রিত করে মাসিকজনিত বর্জ্য কমানো এবং কমিউনিটি পর্যায়ে দায়িত্বশীল আচরণ গড়ে তোলার ওপর জোর দেওয়া হয়।

## Opportunity International Australia-এর প্রোগ্রাম ম্যানেজারস' মিট-এ শক্তি ফাউন্ডেশনের হেলথ প্রোগ্রামের অংশগ্রহণ




শক্তি ফাউন্ডেশনের মোবাইল হেলথ ক্লিনিকের কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে নেপালের বিরাটনগরে Opportunity International Australia-এর আয়োজিত "প্রোগ্রাম ম্যানেজারস' মিট"-এ শক্তি ফাউন্ডেশনের হেলথ প্রোগ্রামের ৩ সদস্যের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করেন। তিনদিনব্যাপী এই আয়োজনটি ছিল, অংশগ্রহণকারী বিভিন্ন পার্টনার সংস্থার মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদার, অভিজ্ঞতা বিনিময় এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও আর্থিক সক্ষমতা বৃদ্ধির কৌশল নিয়ে গভীর আলোচনা করার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। এতে অংশ নিয়ে শক্তি ফাউন্ডেশনের প্রতিনিধি দল বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে কার্যকর সংযোগ স্থাপন, প্রাতিষ্ঠানিক সংস্কৃতি সম্পর্কে ধারণা লাভ এবং সমন্বিত উন্নয়ন কৌশল বিষয়ে মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে। এসব অভিজ্ঞতা বাংলাদেশের প্রেক্ষাপটে শক্তি ফাউন্ডেশনের মোবাইল হেলথ ক্লিনিকের কার্যক্রমকে আরও সুদৃঢ় ও কার্যকর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## পাঁচ জেলায় শক্তি ফাউন্ডেশনের বিনামূল্যের চক্ষু ক্যাম্পের আয়োজন




পিকেএসএফ-পার্টনার হিসেবে এবং অরবিস ইন্টারন্যাশনাল-এর সার্বিক সহযোগিতায় শক্তি ফাউন্ডেশন হেলথ প্রোগ্রামের অধীনে কুমিল্লা, বরিশাল, লক্ষ্মীপুর, খুলনা ও ঝিনাইদহে পাঁচটি ফ্রি চক্ষু ক্যাম্প সফলভাবে সম্পন্ন হয়। এই উদ্যোগের মাধ্যমে সাধারণ মানুষের দোরগোড়ায় উন্নত চক্ষুসেবা ও ছানি নির্ণয়ে ভূমিকা রাখছে শক্তি ফাউন্ডেশন। পাঁচটি ক্যাম্পে মোট ৩৬৮ জনের চোখ পরীক্ষা করা হয়। তাদের মধ্যে ৭৭ জনকে প্রাথমিক চিকিৎসার মাধ্যমে ছানি নির্ণয় করা হয় । পরিকল্পনা অনুযায়ী ২২ জনকে  বিনামূল্যে ছানি অপারেশনের ব্যবস্থা করা হয়। এই মহতী উদ্যোগের মাধ্যমে অনেক মানুষের চোখে আশার আলো ফিরে এসেছে, যা তাদের জীবনযাত্রায় ইতিবাচক পরিবর্তন আনবে।

## একনজরে শক্তি (৩০ এপ্রিল, ২০২৬)

বিভাগ: ৮
জেলা: ৫৭
জোন: ৪
রিজিয়ন: ২৮
এরিয়া: ১২৮
ব্রাঞ্চ: ৬২৪

সদস্য: ৬,০০,৭৯০ জন
ঋণী: ৪,৭৯,৯৪৬ জন

সঞ্চয় স্থিতি: ১,৬২৯ কোটি

ঋণস্থিতি: ৩,৪০৭ কোটি টাকা

কর্মী সংখ্যা: ৫,৫০০ জন

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট: ৯৮ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।